

দেশের যেসব সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এক শিফটের শ্রেণি কার্যক্রম চলে, সেসব স্কুলে ক্লাস চলবে বিকাল সোয়া ৩টা পর্যন্ত। অন্যদিকে যেসব বিদ্যালয়ে দুই শিফট চালু আছে, সেগুলোয় ক্লাস চলবে বিকাল ৪টা পর্যন্ত। নতুন এ সময়সূচি প্রকাশ করেছে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

আগামীকাল বৃহস্পতিবার থেকে সব সরকারি প্রাথমিক বিদ্যালয় খুলছে। প্রাইমারি স্কুল খুলবে সকাল ৯টায়। এরপর ২৫ মিনিট পর্যন্ত চলবে সমাবেশ। এক শিফটের স্কুলগুলোতে সকাল সাড়ে ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণির ক্লাস এবং সাড়ে ৯টা থেকে বিকাল সোয়া ৩টা পর্যন্ত তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির ক্লাস চলবে। আর দুই শিফটের স্কুলগুলোতে সকাল সাড়ে ৯টা থেকে বেলা ১১টা ৫০ মিনিট পর্যন্ত প্রথম ও দ্বিতীয় শ্রেণির ক্লাস এবং বেলা সাড়ে ১১টা থেকে বিকাল ৪টা পর্যন্ত তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির ক্লাস চলবে। তবে বৃহস্পতিবার এক শিফটের স্কুলগুলোতে দুপুর ২টা ২৫ মিনিট পর্যন্ত এবং দুই শিফটের স্কুলগুলোতে দুপুর আড়াইটা পর্যন্ত ক্লাস চলবে।

যেখানে প্রাকপ্রাথমিক শ্রেণি চালু রয়েছে এসব এক শিফটের স্কুলে প্রাক-প্রাথমিক শ্রেণি কার্যক্রম সকাল ৯টা ৩০ মিনিট থেকে দুপুর ১২টা এবং দুই শিফটের বিদ্যালয়গুলোতে সকাল ৯টা থেকে বেলা ১১টা ৩০ মিনিট পর্যন্ত চলবে। এক শিফট বিশিষ্ট বিদ্যালয়ে দৈনিক সমাবেশ সকাল ৯টা থেকে ৯টা ২৫ মিনিট পর্যন্ত এবং দুই শিফট বিশিষ্ট বিদ্যালয়ে দৈনিক সমাবেশ বেলা ১১টা ৩০ মিনিট থেকে ১১টা ৫০ মিনিট পর্যন্ত স্বাস্থ্যবিধি মেনে পরিচালনা করতে হবে।

তবে রাজধানীর স্কুলগুলোয় ক্লাস চলবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দেওয়া নির্দেশনা অনুযায়ী।